



জুলাই সনদ ও অন্তর্বর্তী সরকার পাবে সাংবিধানিক স্বীকৃতি: সালাউদ্দিন আহমেদ



সালাউদ্দিন আহমেদ: সংগৃহীত ছবি

জুলাই অভ্যুত্থান ও অন্তর্বর্তী সরকারকে সাংবিধানিক স্বীকৃতি দেওয়ার ঘোষণা দিয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ। তিনি জানান, সংবিধানের চতুর্থ তফসিলে এ বিষয়ে বর্ণনা থাকবে যাতে ভবিষ্যতে কেউ বৈধতা নিয়ে প্রশ্ন তুলতে না পারে। একইসঙ্গে জুলাই সনদ ও ফ্যাসিবাদবিরোধী ঐক্য রক্ষা নিয়ে গুরুত্বারোপ করেন তিনি।

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ বলেছেন, জুলাই অভ্যুত্থানকে রাষ্ট্রীয় ও সাংবিধানিক স্বীকৃতি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সংবিধানের চতুর্থ তফসিলে এ ঘটনার বিস্তারিত বিবরণ অন্তর্ভুক্ত করা হবে যাতে ভবিষ্যতে এই অভ্যুত্থানে অংশগ্রহণকারীদের বৈধতা নিয়ে কোনো রাজনৈতিক দল বা শাসকগোষ্ঠী প্রশ্ন তুলতে না পারে। একইসঙ্গে অন্তর্বর্তীকালীন সরকারকেও স্বীকৃতি দেওয়া হবে।

মঙ্গলবার (১৫ জুলাই) টিএসসিতে ছাত্রদল আয়োজিত এক আলোচনা সভায় এসব কথা বলেন সালাহউদ্দিন। তিনি জানান, জুলাই ঘোষণাপত্র নিয়ে ইতোমধ্যেই বিএনপি দুই দফায় মতামত জমা দিয়েছে। যাতে বিভ্রান্তি না ছড়ায়, সেদিকে দলটি বিশেষ গুরুত্ব দিচ্ছে।

জুলাই সনদ প্রসঙ্গে তিনি বলেন, ধীরগতির কারণে নির্ধারিত সময়সীমা—৫ আগস্টের মধ্যে তা প্রকাশ নিয়ে কিছুটা সংশয় থাকলেও, দলীয়ভাবে এটি বাস্তবায়নের ব্যাপারে আশাবাদী। তিনি আরও বলেন, “ফ্যাসিবাদবিরোধী ঐক্য আমাদের জাতীয় শক্তি। এই ঐক্যকে কেউ ভাঙার চেষ্টা করলে তা প্রতিহত করতে হবে।”

আওয়ামী লীগের ভূমিকা নিয়ে তিনি বলেন, অতীতের দমন-পীড়ন, নির্যাতনের বিচার করতে হবে। তবে হাজার হাজার মানুষের বিচার করলে জাতি প্রতিহিংসার দিকে ধাবিত হতে পারে। তাই কাদের বিচার হবে, সে সিদ্ধান্ত নিতে হবে আইন অনুযায়ী।

সালাহউদ্দিন আহমেদের মতে, রাজনৈতিক দল হিসেবে আওয়ামী লীগকে মানবতাবিরোধী অপরাধের দায়ে বিচারের মুখোমুখি করতে হবে, তবে প্রতিহিংসা নয়—ন্যায়বিচার হোক লক্ষ্য।